

অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত চাঁপাইনবাবগঞ্জ জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মনিটরিং বিষয়ক জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : এ কে এম গালিভ খাঁন, জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ
 তারিখ ও সময় : ০৮ অক্টোবর ২০২৩ খ্রিঃ, সময়ঃ দুপুর- ১২.০৫মিঃ
 স্থান : জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর সম্মেলন কক্ষ
 উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। কমিটির সদস্য সচিব ও উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এ জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক একমাত্র লাইসেন্সপ্রাপ্ত 'নিউ প্রত্যাশা' নামীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম সংক্রান্ত নিম্নবর্ণিত তথ্য সভায় উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা করা হয়।


১। চাঁপাইনবাবগঞ্জ জেলায় লাইসেন্সপ্রাপ্ত 'নিউ প্রত্যাশা' বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ

ক্রঃ	নিরাময় কেন্দ্রের নাম ও ঠিকানা	বেড সংখ্যা	বিগত (আগস্ট/২৩) মাস থেকে আগত রোগীর সংখ্যা	বিবেচ্য (সেপ্টেম্বর/২৩) মাসে কেন্দ্রে ভর্তিকৃত রোগীর সংখ্যা	বিবেচ্য (সেপ্টেম্বর/২৩) মাসে কেন্দ্রে ছাড়কৃত রোগীর সংখ্যা	বর্তমানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা	আগস্ট মাসে কাউন্সিলিং সেবা প্রদান সংখ্যা
১	'নিউ প্রত্যাশা' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, হোল্ডিং নং ৭১, মিজান ভিলা (তৃতীয় তলা) বেলেপুকুর, চাঁপাইনবাবগঞ্জ।	১০ টি	১৪ জন	০৪ জন	০৬ জন	১২ জন	০৪ টি

২। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	কমিটির সদস্য সচিব ও উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ নিউ প্রত্যাশা মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপনের জন্য কেন্দ্রটির নির্বাহী পরিচালককে অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে নির্বাহী পরিচালক জানান যে, নিউ প্রত্যাশা মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে বর্তমানে ১২ জন রোগী চিকিৎসাধীন রয়েছে। ০২ জন রোগী অতিরিক্ত ভর্তি আছে, যাদেরকে তাৎক্ষণিকভাবে রিলিজ করা সম্ভব নয়। পরবর্তী মাসে এ সংখ্যার সাথে সমন্বয় করে রোগী ভর্তি করা হবে। সভাপতি, বলেন বর্তমানে ডেঞ্জুর প্রাদুর্ভাব বিরাজ করায় সবাইকে এ ব্যাপারে সচেতন থাকতে হবে। তিনি নিরাময় কেন্দ্রের অভ্যন্তরে ও বাইরে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে এবং কোথাও যেন পানি জমে না থাকে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য কেন্দ্রটির নির্বাহী পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	১। লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নিয়মিত পরিদর্শন করতে হবে। সেবার মানোন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। ২। অনুমোদিত বেড সংখ্যার অতিরিক্ত রোগী ভর্তি রাখা যাবে না। ৩। নিরাময় কেন্দ্রের অভ্যন্তরে ও বাইরে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে এবং কোথাও যেন পানি জমে না থাকে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।	১। জেলা মনিটরিং কমিটির সদস্য (সকল)। ২। নির্বাহী পরিচালক, নিউ প্রত্যাশা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, বেলেপুকুর, চাঁপাইনবাবগঞ্জ। ৩। নির্বাহী পরিচালক, নিউ প্রত্যাশা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, বেলেপুকুর, চাঁপাইনবাবগঞ্জ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(এ কে এম গালিভ খাঁন)
জেলা ম্যাজিস্ট্রেট
চাঁপাইনবাবগঞ্জ

ফোনঃ ০২-৫৮৮৮৯৯৩৩০০ (অফিস)

Email: dcchapainawabganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়
৮৫ পূর্ব পাঠানপাড়া, চাঁপাইনবাবগঞ্জ
Email:chapainawabganj@dnc.gov.bd

নং- ৫৮.০২.৭০০০.১৪১.০৬.০০১.২২.৫৩০


তারিখ : ০২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০২. পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
০৪. সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
০৫. বিত্ত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট উপজেলা চাঁপাইনবাবগঞ্জ।
০৭. জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
০৮. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
০৯. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
১০. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
১১. নির্বাহী পরিচালক, 'নিউ প্রত্যাশা' বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, বেলেপুকুর, চাঁপাইনবাবগঞ্জ।



(মোহাম্মদ আনিছুর রহমান খান)

উপপরিচালক

ও

সদস্য সচিব

বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র

মনিটরিং সংক্রান্ত জেলা কমিটি

চাঁপাইনবাবগঞ্জ

ফোনঃ ০২৫৮৮৮৯৩১০৯